গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ পাটকল করপোরেশন প্রতিষ্ঠালগ্ন থেকে বাংলাদেশের পাটশিল্পের সাথে জড়িত বিশাল জনগোষ্ঠি - কৃষক, শ্রমিক, ব্যবসায়ী, কর্মচারীদের আর্থ-সামাজিক নিরাপত্তা বেষ্টনী হিসেবে কাজ করে আসছে। ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে সাম্প্রতিক ৩ (তিন) বছরে কৃষকের কাছ থেকে সরাসরি ১৩৪০৭১ মে.টন (১৭-১৮ অর্থ বছর), ৫৫৩২৪ মে.টন (১৮-১৯ অর্থ বছর) এবং ৬১,২১৮.২ মে.টন (১৯-২০ অর্থ বছর) সর্বমোট ২৫০৬১৩.২ মে.টন কাঁচা পাট ক্রয় করা হয়েছে। স্থানীয় ও বৈদেশিক বাজার হতে (১৭-১৮ অর্থ বছরে স্থানীয় বাজারে ৩৪৭.১৪ এবং রপ্তানীতে ৭৫০.৭৩ মোট ১০৯৭.৮৭ কোটি টাকা; ১৮-১৯ অর্থ বছরে স্থানীয় বাজারে ৪০১.৬৮ এবং রপ্তানীতে ২৬২.৫৯ মোট ৬৬৪.২৭ কোটি টাকা; ১৯-২০ অর্থ বছরে স্থানীয় বাজারে ৫৭৪.৬১ এবং রপ্তানীতে ৩০০.৫৬ মোট ৮৭৫.১৭. কোটি টাকা) সর্বসাকুল্যে ২৬৩৭.৩১কোটি টাকা আয়, তন্মধ্যে ১৩১৩.৯৮ কোটি টাকা রপ্তানী আয় হয়েছে। পরীক্ষামূলকভাবে পাট পাতার পানীয় এবং পাট হতে সোনালী ব্যাগ উৎপাদনে সাফল্য অর্জিত হয়েছে। ইলেকট্রনিক টেন্ডার (e-GP) প্রক্রিয়া চালুর পাশাপাশি বিজেএমসি স্পোর্টস টীমের জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে প্রায় শতাধিক পদক অর্জনের কৃতিত্ব রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিজেএমসি’র নিয়ন্ত্রণাধীন মিলসমূহ সংস্কার কার্যক্রমের আওতায় সরকারী নিয়ন্ত্রন/ পিপিপি/ জিটুজি/ লীজ প্রক্রিয়ায় চালুকরণ। উৎপাদন বন্ধকৃত মিলসমূহের অবসানকৃত স্থায়ী শ্রমিকদের সকল পাওনাদি পরিশোধ করা। মিলের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদি প্রদান নিশ্চিত করা। অবসরপ্রাপ্ত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের পিএফ ও গ্রাচুইটির অর্থ পরিশোধ করা। পাটপণ্যের উৎপাদন খরচ কমানোর পাশাপাশি সম্ভাবনাময় বাজার ধরে রাখা এবং বাজার সম্প্রসারণ। পাটপণ্যের বহুমুখীকরণ এবং ব্যবহার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা। মিলের মেশিনসমূহ আধুনিকায়ন করা। বেসরকারী পাটকলসমূহের সংগে সুষম প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টি করা। শ্রমঘন উৎপাদন ব্যবস্থার পর্যায়ক্রমে পরিবর্তন করে প্রযুক্তিভিত্তিক উৎপাদন কার্যক্রম চালু এবং ক্রয় ব্যবস্থাপনা থেকে শুরু করে ব্যবস্থাপনার সকল পর্যায়ে প্রযুক্তির প্রয়োগ করা। বিজেএমসি’র নিজস্ব ভবন নির্মাণ ও অব্যবহৃত জমির সুষ্ঠু ব্যবহার করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিজেএমসি’র নিয়ন্ত্রণাধীন মিলসমূহ সংস্কার কার্যক্রমের আওতায় সরকারী নিয়ন্ত্রন/ পিপিপি/ জিটুজি/ লীজ প্রক্রিয়ায় চালুকরণ; মিলগুলোর অব্যবহৃত জমির সুষ্ঠু ব্যবহার করা; শেখ হাসিনা স্পেশালাইজড জুট টেক্সটাইল মিল স্থাপন, বাণিজ্যিকভাবে পাটপাতা থেকে পানীয় প্রস্তুতের কার্যক্রম গ্রহণ, পাট থেকে সোনালী ব্যাগ বাণিজ্যিকভাবে উৎপাদন, মতিঝিলস্থ করিম চেম্বারের স্থানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত ‘‘শেখ হাসিনা সোনালী আঁশ ভবন’’ নামে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ করা, অভ্যন্তরীণ-আর্ন্তজাতিক বাজার সম্প্রসারণ এবং পর্যায়ক্রমে লোকসানের পরিমাণ কমিয়ে স্বাবলম্বী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সরকারের সংস্কার কার্যক্রমের অংশ হিসাবে মিলসমূহের উৎপাদন বন্ধকরণ ও স্থায়ী শ্রমিকদের চাকুরী অবসান;
- অবসানকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধ;
- উৎপাদন বন্ধকৃত মিলসমূহের মজুদ কাঁচা পাট সংরক্ষণ, উৎপাদিত পাটপণ্য মজুদ/সংরক্ষণ এবং মেশিনারীসমূহের সংরক্ষণ কার্যক্রম পরিদর্শন।
- স্থানীয় বাজারে এবং আন্তর্জাতিক বাজারে ৪৫০০০ মেঃ টন পাটজাত পণ্য বিক্রয়;
- পাটকলসমূহের ৩০০ কর্মকর্তা ও কর্মচারীকে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান;
- করিম ও দৌলতপুর জুট মিলস্ লি: এ ফেল্ট কারখানা স্থাপন প্রকল্প এবং সুষমকরণ, আধুনিকায়ন, পুনর্বাসন এবং বর্ধিতকরণ প্রকল্পের বাস্তবায়ন;
- আধুনিক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের নির্মাণ কাজ ৯৫% সম্পন্ন করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বিজেএমসিকে আত্মনির্ভরশীল ও লাভজনক প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিজেএমসি'র মিলসমূহ আধুনিকায়ন, বাজারের চাহিদা অনুযায়ী পাটজাত পণ্য উৎপাদন; বিশ্ব বাজারে পাটজাত পণ্য রপ্তানিতে বিজেএমসির অবস্থান সম্প্রসারণ ও বাজারজাতকরণ; দক্ষ মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং ইলেকট্রনিক প্রযুক্তি নির্ভর ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে বিজেএমসিকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. স্থানীয় ও বৈদেশিক বাজারে চাহিদা অনুসারে পাটজাত প্রচলিত পণ্য ও আধুনিক বহুমুখী পণ্যের উন্নয়ন
২. মানব সম্পদের উন্নয়ন
৩. পাটজাত পণ্যের বাজার সম্প্রসারণ
৪. মিলসমূহের আধুনিকায়ন
৫. কৃষকের কাছ থেকে ন্যায্যমুল্যে ক্রয়কৃত কাঁচা পাট সংরক্ষণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১. পাটখাত সংক্রান্ত সরকারি নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন। ২. পাটশিল্প ব্যবস্থাপনা। ৩. পাটপণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজার সম্প্রসারণ সংশ্লিষ্ট সামগ্রিক বিষয় সমন্বয়। ৪. পাটশিল্প উন্নয়ন ও সম্প্রসারণে সরকারকে সহায়তা প্রদান। ৫. পাটশিল্পের জন্য দক্ষ জনবল সৃষ্টি। ৬. পাটশিল্পে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ। ৭. পাটজাত পণ্যের মান নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ গ্রহণ। ৮. আধুনিকায়নের মাধ্যমে মিলসমুহের উৎপাদনশীলতা বৃদ্ধি। ৯. ব্যবস্থাপনার সকল পর্যায়ে ইলেকট্রনিক প্রযুক্তির প্রয়োগ করা। ১০। দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী বহুমুখী পাটপণ্য উদ্ভাবন, উৎপাদন ও উন্নয়ন এবং বাজার গবেষণা।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| পাটজাত পণ্যের জাতীয় রপ্তানিতে অবদান | মোট পাটজাত পণ্য রপ্তানিতে বিজেএমসি'র অংশ | % | ৪.১২ | ১৪.০৪ | ৭.০০ (সরকারি সিদ্ধান্তে মিলসমূহের উৎপাদন বন্ধ) | সরকারি সিদ্ধান্তে মিলসমূহের উৎপাদন বন্ধ | সরকারি সিদ্ধান্তে মিলসমূহের উৎপাদন বন্ধ | রপ্তানি উন্নয়ন ব্যুরো। | বিজেএমসি / বিজেএমএ / ইপিবি/ বিবিএস/ বাংলাদেশ ব্যাংক। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] স্থানীয় ও বৈদেশিক বাজারে চাহিদা অনুসারে পাটজাত প্রচলিত পণ্য ও আধুনিক বহুমুখী পণ্যের উন্নয়ন | ২৫ | [১.১] মজুদকৃত পাটপণ্য সংরক্ষণের কার্যক্রম পরিদর্শন | [১.১.১] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ২৫ | ২০ | ১৫ | ১২ | | ৩০ | ৩২ |
| | | [১.২] সরকারের সংস্কার কার্যক্রমের অংশ হিসাবে মিলসমূহের উৎপাদন বন্ধকরণ ও স্থায়ী শ্রমিকদের চাকুরী অবসানকরণ | [১.২.১] সরকারের সংস্কার কার্যক্রমের অংশ হিসাবে মিলসমূহের উৎপাদন বন্ধকরণ ও স্থায়ী শ্রমিকদের চাকুরী অবসানকৃত | তারিখ | তারিখ | ১০ | | | ৩০.০৭.২০ | | | | | | |
| | | [১.৩] অবসানকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধকরণ | [১.৩.১] অবসানকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধিত | তারিখ | তারিখ | ১০ | | | ৩১.১২.২০ | | | | | | |
| [২] মানব সম্পদের উন্নয়ন | ২০ | [২.১] বিজেএমসি'র কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারি (পুরুষ) | সমষ্টি | সংখ্যা | ১০ | ১১৪৮ | ১১২৬ | ২৫৫ | ১৮০ | ১৫০ | ১৪০ | ১২০ | ৩০০ | ৩২৫ |
| | | | [২.১.২] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারি (মহিলা) | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯০ | ১০৭ | ৪৫ | ৩০ | ২৫ | ২২ | ২০ | ৪৮ | ৫০ |
| | | [২.২] মিলসমূহের বোর্ড মিটিং আয়োজন | [২.২.১] আয়োজিত বোর্ড মিটিং | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৫ | ২৭ | ২৫ | ২০ | ১৮ | ১৫ | ১২ | ২৫ | ৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] পাটজাত পণ্যের বাজার সম্প্রসারণ | ১৫ | [৩.১] মজুদকৃত পাটপণ্য স্থানীয় ও বৈদেশিক বাজারে বিপণন | [৩.১.১] বিক্রয়কৃত পাটপণ্য | সমষ্টি | মে.টন | ৬ | | | ৪৫০০০ | ৪০০০০ | ৩৮০০০ | ৩৫০০০ | | | |
| | | [৩.২] উৎপাদিত মজুদ নিষ্পত্তির লক্ষ্যে স্টেক হোল্ডারদের নিয়ে সভা আয়োজন | [৩.২.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | | ৪ | ২ | ১ | | | ০ | ৩ | ৪ |
| | | [৩.৩] উৎপাদিত মজুদ নিষ্পত্তির লক্ষ্যে প্রকল্প প্রধানদের নিয়ে সভা আয়োজন | [৩.৩.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৪ | | ৭ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৮ |
| [৪] মিলসমূহের আধুনিকায়ন | ১০ | [৪.১] করিম ও দৌলতপুর জুট মিলস্ লি: এ ফেল্ট কারখানা স্থাপন প্রকল্প বাস্তবায়ন | [৪.১.১] প্রকল্পের বাস্তব অগ্রগতির হার | সমষ্টি | শতকরা | ০.৫ | | ৩৬.৭ | ৪০ | | | | | | |
| | | [৪.২] আধুনিক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র চালুর উদ্দেশ্যে পুর্ত কাজ সম্পন্নকরণ | [৪.২.১] পুর্ত কাজ সম্পাদনের হার | সমষ্টি | শতকরা | ৩.৫ | | ৭৫ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | | |
| | | [৪.৩] সুষমকরণ, আধুনিকায়ন, পুনর্বাসন এবং বর্ধিতকরণ প্রকল্পের বাস্তবায়ন | [৪.৩.১] প্রকল্পের বাস্তব অগ্রগতির হার | সমষ্টি | শতকরা | ০.৫ | | | ৫ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | [৪.৪] উৎপাদন বন্ধকৃত মিলসমূহের মেশিনারী রক্ষণাবেক্ষনের উদ্দেশ্যে পরিদর্শন সম্পন্নকরণ | [৪.৪.১] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ২৫ | ২২ | ২০ | ১৮ | | | |
| | | [৪.৫] শেখ হাসিনা স্পেশালাইজড জুট টেক্সটাইল মিল স্থাপন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সম্পাদন | [৪.৫.১] প্রাপ্ত ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩০.০৭.২০ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৫] কৃষকের কাছ থেকে ন্যায্যমুল্যে ক্রয়কৃত কাঁচা পাট সংরক্ষণ | ৫ | [৫.১] মিলসমূহে মজুদকৃত কাঁচাপাট সংরক্ষণ কার্যক্রম পরিদর্শন | [৫.১.১] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১৫ | ১২ | ১১ | ১০ | | ৮ | ৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল করপোরেশন, এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২২/০৭/২০২০

------------------------------------

চেয়ারম্যান
বাংলাদেশ পাটকল করপোরেশন

---------------------------

তারিখ

------------------------------------

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

২২/০৭/২০২০

------------------------------

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিজেএমসি (BJMC) | বাংলাদেশ পাটকল করপোরেশন (Bangladesh Jute Mills Corporation) |
| ২ | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো |
| ৩ | বিএমআরই (BMRE) | ব্যালেন্সিং, মডার্নাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপ্যানশন (Balancing, Modernization, Renovation & Expansion) |
| ৪ | SIP | Small Improvement Project |
| ৫ | বিজেএমএ | বাংলাদেশজুট মিলস এসোসিয়েশন |
| ৬ | বিজেএসএ | বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন |
| ৭ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিস্টিকস |
| ৮ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট করপোরেশন |
| ৯ | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন |
| ১০ | বিএফএসআইসি | বাংলাদেশ ফুড এন্ড সুগার ইন্ডাস্ট্রিজ করপোরেশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মজুদকৃত পাটপণ্য সংরক্ষণের কার্যক্রম পরিদর্শন | [১.১.১] সম্পাদিত পরিদর্শন | উৎপাদন বিভাগ কর্তৃক মনোনীত টিম মজুদকৃত পাটপণ্য সংরক্ষণ কার্যক্রম পরিদর্শন করবেন | উৎপাদন বিভাগ | পরিদর্শন প্রতিবেদন | উৎপাদন বিভাগ প্রদত্ত প্রতিবেদন |
| [১.২] সরকারের সংস্কার কার্যক্রমের অংশ হিসাবে মিলসমূহের উৎপাদন বন্ধকরণ ও স্থায়ী শ্রমিকদের চাকুরী অবসানকরণ | [১.২.১] সরকারের সংস্কার কার্যক্রমের অংশ হিসাবে মিলসমূহের উৎপাদন বন্ধকরণ ও স্থায়ী শ্রমিকদের চাকুরী অবসানকৃত | কর্মসম্পাদন সূচক: [১.২.১] সরকারের সংস্কার কার্যক্রমের অংশ হিসাবে মিলসমূহের উৎপাদন বন্ধকরণ ও স্থায়ী শ্রমিকদের চাকুরী অবসায়ন প্রক্রিয়া সম্পন্ন | প্রশাসন বিভাগ/ মিলসমূহ | প্রশাসন বিভাগ/ মিলসমূহ হতে উৎপাদন বন্ধকরণ ও স্থায়ী শ্রমিকদের চাকুরী অবসায়ন সংক্রান্ত জারিকৃত পত্র | প্রশাসন বিভাগ/ মিলসমূহ প্রদত্ত প্রতিবেদন |
| [১.৩] অবসানকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধকরণ | [১.৩.১] অবসানকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধিত | বিজেএমসি'র হিসাব বিভাগ ও মিলসমূহ কর্তৃক অবসায়নকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধ | বিজেএমসি'র হিসাব বিভাগ ও মিলসমূহ | অবসায়নকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধ সংক্রান্ত পত্র | বিজেএমসি'র হিসাব বিভাগ ও মিলসমূহ প্রদত্ত প্রতিবেদন |
| [২.১] বিজেএমসি'র কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারি (পুরুষ) | বিজেএমসি'র কর্মকর্তা ও কর্মচারীদের (পুরুষ) দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | প্রশিক্ষণ বিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত জারিকৃত পত্র ও অংশগ্রহণকারীর তালিকা/ উপস্থিতির স্বাক্ষর | প্রশিক্ষণ বিভাগের প্রতিবেদন |
| | [২.১.২] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারি (মহিলা) | বিজেএমসি'র কর্মকর্তা ও কর্মচারীদের (মহিলা) দক্ষতা বৃদ্ধির জন্য প্রদত্ত প্রশিক্ষণ | প্রশিক্ষণ বিভাগ | প্রশিক্ষণ সংক্রান্ত জারিকৃত পত্র ও অংশগ্রহণকারীর তালিকা/ উপস্থিতির স্বাক্ষর | প্রশিক্ষণ বিভাগের প্রতিবেদন |
| [২.২] মিলসমূহের বোর্ড মিটিং আয়োজন | [২.২.১] আয়োজিত বোর্ড মিটিং | মিলসমূহের এন্টারপ্রাইজ বোর্ড মিটিং আয়োজন | মিলসমূহ ও সংশ্লিষ্ট এন্টারপ্রাইজ বোর্ডের চেয়ারম্যান | মিটিং নোটিশ ও কাযবিবরণী | মিলসমূহ প্রদত্ত প্রতিবেদন |
| [৩.১] মজুদকৃত পাটপণ্য স্থানীয় ও বৈদেশিক বাজারে বিপণন | [৩.১.১] বিক্রয়কৃত পাটপণ্য | স্থানীয় ও বৈদেশিক বাজারে মজুদকৃত পাটপণ্য বিক্রয় | বিপণন বিভাগ | মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | বিপণন বিভাগ প্রদত্ত মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৩.২] উৎপাদিত মজুদ নিষ্পত্তির লক্ষ্যে স্টেক হোল্ডারদের নিয়ে সভা আয়োজন | [৩.২.১] আয়োজিত সভা | উৎপাদিত মজুদ নিষ্পত্তির লক্ষ্যে বিজেএমসি'র বিপণন এবং গবেষণা ও মান নিয়ন্ত্রন বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে সভা আয়োজন | বিপণন এবং গবেষণা ও মান নিয়ন্ত্রন বিভাগ | সভার বিজ্ঞপ্তি ও কাযবিবরণী | বিপণন এবং গবেষণা ও মান নিয়ন্ত্রন বিভাগ প্রদত্ত প্রতিবেদন |
| [৩.৩] উৎপাদিত মজুদ নিষ্পত্তির লক্ষ্যে প্রকল্প প্রধানদের নিয়ে সভা আয়োজন | [৩.৩.১] আয়োজিত সভা | উৎপাদিত মজুদ নিষ্পত্তির লক্ষ্যে প্রকল্প প্রধানদের নিয়ে সভা আয়োজন | প্রশাসন বিভাগ | সভার বিজ্ঞপ্তি ও কাযবিবরণী | প্রশাসন বিভাগ প্রদত্ত প্রতিবেদন |
| [৪.১] করিম ও দৌলতপুর জুট মিলস্ লি: এ ফেল্ট কারখানা স্থাপন প্রকল্প বাস্তবায়ন | [৪.১.১] প্রকল্পের বাস্তব অগ্রগতির হার | করিম ও দৌলতপুর জুট মিলস্ লি: এ ফেল্ট কারখানা স্থাপন সংকান্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি | প্রকল্প দপ্তর/ রক্ষণাবেক্ষন বিভাগ | প্রকল্প দপ্তর/ রক্ষণাবেক্ষন বিভাগের ত্রৈমাসিক প্রতিবেদন | প্রকল্প দপ্তর/ রক্ষণাবেক্ষন বিভাগ প্রদত্ত প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] আধুনিক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র চালুর উদ্দেশ্যে পুর্ত কাজ সম্পন্নকরণ | [৪.২.১] পুর্ত কাজ সম্পাদনের হার | করিম জুট মিলস্থ বিজেএমসি'র আধুনিক প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের পুর্ত কাজ সম্পন্নকরণ | পুরকৌশল বিভাগ | পুরকৌশল বিভাগের অনুমোদিত প্রতিবেদন | পুরকৌশল বিভাগের ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৪.৩] সুষমকরণ, আধুনিকায়ন, পুনর্বাসন এবং বর্ধিতকরণ প্রকল্পের বাস্তবায়ন | [৪.৩.১] প্রকল্পের বাস্তব অগ্রগতির হার | বিজেএমসির আওতাধীন ৩(তিন)টি মিল ইউএমসি, জেজেআই এবং গালফ্রা হাবিব সুষমকরণ, আধুনিকায়ন, পুনবর্বাসন এবং বর্ধিতকরণ সংক্রান্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি | প্রকল্প দপ্তর/ রক্ষণাবেক্ষন বিভাগ | প্রকল্প দপ্তর/ রক্ষণাবেক্ষন বিভাগের ত্রৈমাসিক প্রতিবেদন | প্রকল্প দপ্তর/ রক্ষণাবেক্ষন বিভাগ প্রদত্ত প্রতিবেদন |
| [৪.৪] উৎপাদন বন্ধকৃত মিলসমূহের মেশিনারী রক্ষণাবেক্ষনের উদ্দেশ্যে পরিদর্শন সম্পন্নকরণ | [৪.৪.১] সম্পাদিত পরিদর্শন | রক্ষণাবেক্ষন বিভাগ কর্তৃক মনোনীত টিম মজুদকৃত পাটপণ্য সংরক্ষণ কার্যক্রম পরিদর্শন করবেন | রক্ষণাবেক্ষন বিভাগ | পরিদর্শন প্রতিবেদন | রক্ষণাবেক্ষন বিভাগ প্রদত্ত প্রতিবেদন |
| [৪.৫] শেখ হাসিনা স্পেশালাইজড জুট টেক্সটাইল মিল স্থাপন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সম্পাদন | [৪.৫.১] প্রাপ্ত ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট | শেখ হাসিনা স্পেশালাইজড জুট টেক্সটাইল মিল স্থাপন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট প্রাপ্তি | প্রকল্প দপ্তর | প্রকল্প দপ্তর/ রক্ষণাবেক্ষন বিভাগের ত্রৈমাসিক প্রতিবেদন | নদী গবেষণা কেন্দ্র/ প্রকল্প দপ্তর প্রদত্ত প্রতিবেদন |
| [৫.১] মিলসমূহে মজুদকৃত কাঁচাপাট সংরক্ষণ কার্যক্রম পরিদর্শন | [৫.১.১] সম্পাদিত পরিদর্শন | পাট বিভাগ কর্তৃক মনোনীত টিম মজুদকৃত পাটপণ্য সংরক্ষণ কার্যক্রম পরিদর্শন করবেন | পাট বিভাগ | পরিদর্শন প্রতিবেদন | পাট বিভাগ প্রদত্ত প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অবসানকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধিত | যথাসময়ে অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ | সরকার কর্তৃক ঘোষিত কর্তৃপক্ষ | শ্রমিক অসন্তোষ |
| দপ্তর / সংস্থা | রপ্তানি উন্নয়ন ব্যুরো | বিক্রয়কৃত পাটপণ্য | বৈদেশিক ক্রেতা/ বাজার সংস্থান | বৈদেশিক বাজার সংস্থানকারী প্রতিষ্ঠান | মজুদ পণ্য অডলট হিসাবে পরিগণিত হবে |
| মন্ত্রণালয় / বিভাগ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | প্রকল্পের বাস্তব অগ্রগতির হার | প্রকল্পের মেয়াদ ও অর্থ অনুমোদনকরণ | প্রকল্পের অর্থ অনুমোদনকারী প্রতিষ্ঠান | প্রকল্প কাযক্রম স্থবির |
| মন্ত্রণালয় / বিভাগ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | প্রকল্পের বাস্তব অগ্রগতির হার | প্রকল্পের মেয়াদ ও অর্থ অনুমোদনকরণ | প্রকল্পের অর্থ অনুমোদনকারী প্রতিষ্ঠান | প্রকল্প কাযক্রম স্থবির |
| মন্ত্রণালয় / বিভাগ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | অবসানকৃত স্থায়ী শ্রমিকদের চাকুরীর পাওনাদি পরিশোধিত | যথাসময়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান | নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ | পাটকলসমূহের লোকসান বৃদ্ধি |